



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৫১

সাম্প্রদায়িক নাগরিক স্মার্ট হতে পারে না

--- সংস্কৃতি সচিব

রাজশাহী; ২৩ ভাদ্র (৭ সেপ্টেম্বর):

স্মার্ট নাগরিক হবে অসাম্প্রদায়িক, সাম্প্রদায়িক নাগরিক স্মার্ট হতে পারে না বলে মন্তব্য করেছেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সচিব খলিল আহমদ।

বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) সকালে রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বিভাগীয় সাংস্কৃতিক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন।

বিভাগীয় সাংস্কৃতিক উৎসবের উদ্দেশ্য সম্পর্কে খলিল আহমদ বলেন, আমরা আমাদের সংস্কৃতির বিকাশ করতে চাই, অন্য সংস্কৃতির বিকাশ আমরা করতে চাই না। আমাদের যে সাংস্কৃতিক উপকরণগুলো আছে, সেগুলোর বিকাশ সাধন করাই আমাদের মূল লক্ষ্য- এর মাধ্যমে দেশকে দ্রুত সংস্কৃতিমনা করে গড়ে তুলতে চাই। প্রথমে আমরা সিলেটে বিভাগীয় সাংস্কৃতিক উৎসব করেছিলাম, এরপর দেশের প্রত্যেক বিভাগে এ ধরনের উৎসবে করা হচ্ছে। প্রধানমন্ত্রী ইউনিয়ন পর্যায়ে সাংস্কৃতিক উৎসব করার নির্দেশ দিয়েছেন বলে তিনি জানান।

সংস্কৃতি উন্নত না হলে উন্নত জাতি হওয়া যায় না উল্লেখ করে সংস্কৃতি সচিব বলেন, জাপান ও দক্ষিণ কোরিয়ার সংস্কৃতি উন্নত, সেখানে কেউ কাউকে অসম্মান করে না, একজন আরেক জনকে উৎসাহ দেয়। আমাদের সংস্কৃতিও এতটাই উন্নত হতে হবে- যেখানে কেউ আমাদেরকে অপমান করতে পারবে না, প্রত্যেকে প্রত্যেককে অনুপ্রেরণা জোগাবে, উৎসাহ দেবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংস্কৃতিভাবনা ছিল অনেক উচ্চ মানের মন্তব্য করে সংস্কৃতি সচিব বলেন, বঙ্গবন্ধুর সংস্কৃতি ভাবনা কেমন ছিল? এটা আমাদের জানা দরকার। বঙ্গবন্ধু শিল্পাচার্য জয়নুল আবেদিনকে বাংলাদেশের প্রথম সংবিধানের নকশায় বাংলার বিভিন্ন সংস্কৃতির ছবি এঁকে দেয়ার ব্যবস্থা করতে বলেছিলেন। বঙ্গবন্ধু শিল্পী আব্দুল আলীমকে কালো তালিকা থেকে মুক্ত করে বেশি বেতনের ব্যবস্থা করেছিলেন। তিনি চিত্রশিল্পী সাহাবুদ্দিনকে পিকাসো হতে বলেছিলেন, তাঁকে জোর করে ফ্রান্সে পাঠিয়েছিলেন- এটাই ছিল বঙ্গবন্ধুর সংস্কৃতিভাবনা।

তরুণ শিক্ষার্থীদের শিল্পচর্চায় মনোনিবেশ করার আহ্বান জানিয়ে বলেন, আমরা সবাই এখন শুধু ডাক্তার-ইঞ্জিনিয়ার হতে চাই- এ ধরনের চিন্তা বাদ দেয়া দরকার। চিত্রশিল্পী সাহাবুদ্দিনের একটি শিল্পকর্মের মূল্য ৫০ লক্ষ টাকার বেশি- এ ধরনের কাজে এখন বেশ আয় করা যায়। তা ছাড়া শিল্পের মাধ্যমে মানুষের মনের পরিবর্তন করা যায়, ধারনার পরিবর্তন করা যায়।

কবি নজরুল ইসলামের কর্ম নিয়ে একটি অ্যাসেনশিয়াল নজরুল আগামী ৪/৫ মাসের মধ্যে বের করা হবে জানিয়ে তিনি বলেন, সারাবিশ্বে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের একটি জনপ্রিয় অ্যাসেনশিয়াল আছে- এর মাধ্যমে বিশ্বব্যাপী রবীন্দ্রধারণা ব্যাপক বিস্তৃত হয়েছে। আমরা নজরুলের গান ও শিল্পকর্মকে রবীন্দ্রনাথের মতো জনপ্রিয় করে তুলতে পারিনি- এটা আমাদের করতে হবে। আমরা নজরুলচেতনা সারাবিশ্বে ছড়িয়ে দেব। এর জন্য তিনি সারাদেশে জেলা শিল্পকলা

একাডেমির মাধ্যমে ট্যালেন্ট হান্ট ও প্রয়োজনে বৃত্তির ব্যবস্থা করার কথা জানান এবং সকল ধর্মের মানুষ যেন সমভাবে এ কর্মসূচিতে অংশগ্রহণ করে সেজন্য জেলা প্রশাসনকে ব্যবস্থা গ্রহণের কথা বলেন।

পুঠিয়া রাজবাড়ী সম্পর্কে তিনি বলেন, পুঠিয়া রাজবাড়ী দেখতে নিত্য বিদেশ থেকে পর্যটক আসছে, কিন্তু আমরা এর গুরুত্ব বুঝি না। তিনি এ ধরনের ঐতিহ্যগুলো সংরক্ষণে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান।

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপপুলিশ কমিশনার সরকার ওমর ফারুক, ডিআইজি'র প্রতিনিধি পুলিশ সুপার মোঃ আব্দুস সালাম। স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) ড. মোঃ মোকছেদ আলী।

সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আয়োজনে অনুষ্ঠানে রাজশাহী, নওগাঁ, বগুড়া, সিরাজগঞ্জ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক ও বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা, রাজনীতিক, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে আট জেলার শিল্পীদের অংশগ্রহণে আঞ্চলিক সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৩.০০ঘ.